

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৮৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. দু 'ঈদের সালাত - ঈদুল আযহার দিবসে (ঈদগাহে) বের হওয়ার পূর্বে পানাহারের বিধান

আরবী

وَعَنِ ابْنِ بُرَيْدَةَ, عَنْ أَبِيهِ قَالَ: كَانَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ لَا يَخْرُجُ يَوْمَ الْفِطْرِ حَتَّى يَطْعَمَ, وَلَا يَطْعَمُ يَوْمَ الْأَصْحَى حَتَّى يُصلِّيَ. رَوَاهُ أَحْمَدُ, وَالتِّرْمِذِيُّ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ

حسن. رواه أحمد (5/ 352)، والترمذي (542)، وابن حبان (2812) واللفظ للترمذي، وقوله عقبه: «حديث غريب» هو قول غريب. وقال الحاكم في «المستدرك» (1/ 294): هذه سنة عزيزة من طريق الرواية، مستفيضة في بلاد المسلمين

বাংলা

8৮৮. 'আবদুল্লাহ্ বিন বুরায়দাহ তাঁর পিতা বুরাইদাহ হতে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিতর-এর দিন কিছু না খেয়ে বের হতেন না। আর 'ঈদুল আযহার দিন সালাতের পূর্বে কিছু খেতেন না। —ইবনু হিব্বান একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] তিরমিযী ৫৪২, ইবনু মাজাহ ১৭৫৬, আহমাদ ২২৪৭৪, ২২৫৩৩, দারেমী ১৬০০

বিন বায তাঁর হাশিয়া বুলুগুল মারাম ৩১৯ গ্রন্থে এ হাদীসের সানাদকে উত্তম বলেছেন, ইবনু হাজার তাঁর ফাতহুল বারী ২/৫১৯ গ্রন্থে বলেন, এর সানাদ নিয়ে সমালোচনা আছে, ইমাম যাহাবী তার মীযানুল ইতিদাল ১/৩৭৩ গ্রন্থে বলেন, এর মুতাবাআত রয়েছে। আলবানী তার তাখরীজ মিশকাতুল মাসাবীহ ১৩৮৫, তিরমিয়ী ৫৪২ গ্রন্থে এর



সানাদকে সহীহ বলেছেন। ইমাম সুয়ূতী জামেউস সগীর ৬৮৮২ গ্রন্থেও হাদীসটিকে সহীহ বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন বুরায়দা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন